গাংনীতে বিশ্ব হাতধোয়া দিবস পালিত

মেহেরপুরের গাংনীতে জাতীয় স্যানিটেশন মাস ও বিশ্ব হাতধোয়া দিবস উপলক্ষ্যে র্যালী ও আলোচনা সভা করেছে উপজেলা প্রশাসন ও জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর।

আজ মঙ্গলবার সকালে উপজেলা পরিষদ চত্ত্বর থেকে র্যালীটি বের হয়ে সড়ক প্রদক্ষিণ শেষে একই স্থানে শেষ হয়। পরে উপজেলা পরিষদ সভাকক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

উপজেলা নির্বাহী অফিসার মৌসুমী খানমের সভাপতিত্বে প্রধান অতিথী ছিলেন উপজেলা পরিষদ চেয়ারম্যান এমএ খালেক। বিশেষ অতিথী ছিলেন গাংনী প্রেসক্লাব সম্পাদক মাহাবুব আলম, গাংনী বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক আশরাফুজ্জামান লালু ও ইটভাটা মালিক সমিতির সাধারণ সম্পাদক মনিরুজ্জামান আতু।

অনুষ্ঠানটির সঞ্চালনায় ছিলেন জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের প্রকৌশলী মাহফুজুর রহমান।

গাংনীতে জাতীয় পার্টির উপজেলা দিবস পালিত

মেহেরপুর গাংনীতে উপজেলা দিবস পালন উপলক্ষে জাতীয় পার্টির উদ্যোগে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। আজ রবিবার দুপুরে গাংনী উপজেলা জাতীয় পার্টির অফিসে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

গাংনী উপজেলার জাতীয় পার্টির সভপতি বাবলু হোসেনের সভাপতিত্বে প্রধান হিসেবে উপস্থিত ছিলেন গাংনী উপজেলা জাতীয় পার্টির সিনিয়র সহ-সভাপতি কেতাব আলী। প্রধান বক্তা হিসেবে বক্তব্য রাখেন গাংনী উপজেলা জাতীয় পার্টির দপ্তর সম্পাদক সেলিম রেজা। বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন গাংনী উপজলা জাতীয় পার্টির যুগ্ম-সাধারণ

সম্পাদক এজাজ উদ্দীন,সাংগঠনিক সম্পাদক রুহুল আমিন,মটমুড়া ইউনিয়ান জাতীয় পার্টির সভাপতি আব্দুর সালাম,সাধারণ সম্পাদক জালাল উদ্দীন,কাজিপুর ইউনিয়ান জাতীয় পার্টির সভাপতি এমদাদ আলী,সাধারণ সম্পাদক জালাল উদ্দীন প্রমূখ।

এসময় বিভিন্ন গ্রাম থেকে আগত নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, জাতীয় পার্টির প্রতিষ্ঠাতা ও সাবেক রাষ্ট্রপতি প্রয়াত হুসেইন মুহম্মদ এরশাদ ১৯৮৪ সালের ২৩ অক্টোবর মেহেরপুরের গাংনী উপজেলা পরিষদ প্রতিষ্ঠা করেন।

জীবননগরে জাতীয় নিরাপদ সড়ক দিবস পালিত

‘আইন মেনে সড়কে চলি, নিরাপদে ঘরে ফিরি’ প্রতিপাদ্য বিষয়ৃ নিয়ে চুয়াডাঙ্গার জীবননগর উপজেলায় জাতীয় নিরাপদ সড়ক দিবস পালিত হয়েছে।

এ উপলক্ষে আজ শনিবার জীবননগর উপজেলা প্রশাসনের আয়োজনে র্যালি ও আলোচনা সভার আয়োজন করা হয়।

সকাল ১০ টার সময় উপজেলা পরিষদ চত্বর থেকে একটি বর্ণাঢ্য র্যালি বের হয়ে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে। পরে উপজেলা প্রশাসন সম্মেলন কক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এতে সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব) ও সহকারী কমিশনার (ভূমি) তিথি মিত্র।

আলোচনা সভায় বক্তব্য রাখেন- জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী মো. হাফিজুর রহমান, মহিলা ভাইস চেয়ারম্যান আয়েশা সুলতানা লাকি, উপজেলা অতিরিক্ত কৃষি কর্মকর্তা মো. আলমগীর হোসেন, সাংবাদিক সালাউদ্দীন কাজল, মিথুন মাহমুদ, মাইক্রোবাস চাকল মো. প্রদীপ, সিএনজি চালক হাবিবুর রহমান হবি প্রমুখ।

সভায় বক্তারা বলেন, দুর্ঘটনা প্রতিরোধে যানবাহন মালিক, যানবাহনের চালক, যাত্রী ও পথচারীদের যার যার অবস্থান থেকে

দায়িত্ব পালন করতে হবে। কিশোর বাইকারদের চলাচল নিয়ন্ত্রণ করা, নিরাপদ পথচারী চলাচল নিশ্চিত করতে ফুটপাত দখলমুক্ত করা ও জেব্রা ক্রসিংয়ের ব্যবস্থা করা, শহরে ইজিবাইকের নিয়ন্ত্রণের ব্যবস্থা গ্রহনের মাধ্যমে নিরাপদ সড়ক নিশ্চিত করা হবে।

মেহেরপুরে জেলা প্রশাসনের পক্ষে শেখ রাসেল দিবস পালিত

শেখ রাসেলের প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পণ, র্যালি আলোচনা সভা ও দোওয়া মাহফিলের মধ্য দিয়ে শহীদ শেখ রাসেল দিবস পালিত হয়েছে।

মেহেরপুর জেলা প্রশাসনের উদ্যোগে মঙ্গলবার সকালে ৯ টার সময় শেখ রাসেলের প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পণ শেষে একটি র্যালি বের হয়। মেহেরপুর জেলা প্রশাসন এসব কর্মসূচীর আয়োজন করে।

জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খান মেহেরপুর পাবলিক লাইব্রেরি চত্বরে স্থাপিত শেখ রাসেলের প্রতিকৃতিতে জনপ্রশাসন প্রতিমন্ত্রীর পক্ষে পুষ্পমাল্য অর্পণ করেন।

পরে জেলা প্রশাসক ড. মোহাম্মদ মনসুর আলম খান জেলাবাসীর পক্ষে, পুলিশ সুপার মোঃ রাফিউল আলম জেলা পুলিশের পক্ষে, সিভিল সার্জন ডাঃ মোঃ জওয়াহেরুল আলম সিদ্দিকী স্বাস্থ্য বিভাগের পক্ষে পুষ্পমাল্য অর্পণ করেন।

মেহেরপুর পৌরসভার মেয়র ও জেলা যুবলীগের আহ্বায়ক মাহফুজুর রহমান রিটন পৌরসভা ও জেলা যুবলীগের পক্ষে, সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান ও জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি এডভোকেট ইয়ারুল ইসলাম সদর উপজেলা পরিষদের পক্ষে, সরকারি মহিলা কলেজের পক্ষে অধ্যক্ষ প্রফেসর রফিকুল ইসলাম, মেহেরপুর জেলা বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা পরিষদ এর পক্ষে সভাপতি প্রফেসর হাসানুজ্জামান মালেক, জেলা শিল্পকলা একাডেমীর পক্ষে সাধারণ সম্পাদক সাইদুর রহমান পুস্পা অর্পণ করেন। এছাড়া সরকারি বেসরকারি বিভিন্ন দফতর পৃথক পৃথকভাবে পুষ্পা অর্পণ করেন।

গাংনীতে নানা আয়োজনে শেখ রাসেল দিবস পালিত

বর্ণাঢ্য র্র্যালি, আলোচনা সভা, চিত্রাঙ্কন প্রতিযোগীতা পুরুস্কার বিতরণ ও দোয়ার মাহফিলের মধ্য দিয়ে গাংনীতে শেখ রাসেল দিবস পালিত হয়েছে।

দিবসটি পালন উপলক্ষে উপজেলা প্রশাসনের উদ্যোগে মঙ্গলবার সকাল ৯ টার সময় গাংনী উপজেলা পরিষদ চত্তর থেকে একটি বর্ণাঢ্য র্র্যালি বের হয়ে শহরের প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে উপজেলা পরিষদেএসে শেষ হয়।

উপজেলা নির্বাহী অফিসারের সভাকক্ষে আয়োজিত আলোচনা সভায় সভাপতিত্বে করেন উপজেলা নির্বাহী অফিসার মৌসুমী খানম। আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন গাংনী উপজেলা চেয়ারম্যান এমএ খালেক।

বিশেষ অতিথির বক্তব্য রাখেন সাবেক এমপি মকবুল হোসেন, গাংনী পৌরসভার মেয়র আহম্মেদ আলী, গাংনী থানার তদন্ত অফিসার মনোজিৎ কুমার নন্দী, গাংনী উপজেলা যুবলীগের সাধারণ সম্পাদক প্রভাষক শফি কামাল পলাশ প্রমুখ।

আলোচনা সভায় শেখ রাসেল এর জীবনী নিয়ে একটি ভিডিও চিত্র প্রদর্শিত হয়।

এসময় উপস্থিত ছিলেন সরকারের বিভিন্ন দপ্তরের কর্মকর্তা, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক ও শিক্ষার্থীসহ বিভিন্ন শ্রেণী পেশার মানুষ।

বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের অংশগ্রহণে চিত্রাঙ্কণ প্রতিযোগীতা ও পুরুস্কার বিতরণ করা হয়।

মেহেরপুরে বিশ্ব ডিম দিবস পালিত

প্রতিদিন একটি ডিম, পুষ্টিময় সারাদিন” এ প্রতিপাদ্যকে সামনে রেখে মেহেরপুরে পালিত হয়েছে বিশ্ব ডিম দিবস।

গতকাল শুক্রবার সকালে ডিম খাওয়ানো ও আলোচনা সভার মধ্যে দিয়ে দিবসটি পালিত হয়।

বিশ্ব ডিম দিবসের আলোচনা সভায় সভাপতিত্ব করেন জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সাইদুর রহমান।

প্রধান অতিথির বক্তব্য রাখেন, মেহেরপুর অতিরিক্ত জেলা প্রশাসক আশরাফুজ্জামান ভূঁইয়া। অন্যদের মধ্যে বক্তব্য রাখেন সৈয়দ সাকিবুল ইসলাম, আবু বক্কর, আরিফুল আলম রফিকুল ইসলাম প্রমূখ। পরে ডিম খাওয়ানোর উদ্বোধন করা হয়।

অনুষ্ঠানে জেলা ও উপজেলা প্রাণী সম্পদ কার্যালয়ে কর্মকর্তা, কর্মচারী, মুরগী খামারারীসহ বিভিন্ন শ্রেনী পেশার মানুষ উপস্থিত ছিলেন।

দামুড়হুদায় আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস পালিত

দুর্যোগে আগাম সতর্কবার্তা, সবার জন্য কার্যব্যবস্থা, এই প্রতিবাক্য কে সামনে রেখে দামুড়হুদায় আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস উপলক্ষে র্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

জানা গেছে বাংলাদেশসহ বিশ্বব্যাপী পালিত হচ্ছে আন্তর্জাতিক

দুর্যোগ প্রশমন দিবস। ঝুঁকি সচেতনতা ও দুর্যোগ হ্রাসের বৈশ্বিক সংস্কৃতির উন্নয়নের জন্য জাতিসংঘের সাধারণ অধিবেশনে একদিনের ডাকে ১৯৮৯ সালে দুর্যোগ নিরসনে আন্তর্জাতিক দিবস শুরু হয়। যা প্রতিবছর ১৩ ই অক্টোবর অনুষ্ঠিত হয়।

বিশ্বজুড়ে মানুষ এবং জাতিসমূহ কিভাবে বিপর্যয়ের মুখোমুখি হয় এবং তারা যে ঝুঁকিগুলো মোকাবেলা করে তা জোরদার করার গুরুত্ব সম্পর্কে সচেতনতা বাড়ায়। অবস্থানগত কারণে বাংলাদেশে দুর্যোগপ্রবণ অঞ্চলে অবস্থিত দুর্যোগ প্রতিরোধ করা সম্ভব নয়, তবে আগাম বার্তা ও সম্মিলিত উদ্যোগ দুর্যোগের ক্ষয়ক্ষতি বহুলাংশে হ্রাস করা সম্ভব। আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলায় দেশবাসীকে প্রস্তুতি নিতে এবং মোকাবেলা করতে উদ্বুদ্ধ করে।

উপজেলা প্রশাসনের আয়োজনে দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর (ডিডিএম)’র বাস্তবায়নে বৃহস্পতিবার সকাল সাড়ে ১০টায় উপজেলা পরিষদের সভা কক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

উপজেলা পি আই ও মিজানুর রহমানের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, আর ডি সি শেখ রাসেল আহম্মেদ। এসময় তিনি বলেন, একটা সময় ছিল যখন দুর্যোগ মানেই ছিল ব্যাপক প্রাণহানি ও ক্ষয়ক্ষতি। তবে জলবায়ু পরিবর্তনের প্রভাবে বিশ্বব্যাপী দুর্যোগের সংখ্যা বৃদ্ধি পেলেও প্রযুক্তিগত উৎকর্ষতা ও সরকারের গৃহীত নানা অগ্রিম সচেতনতামূলক পদক্ষেপের কারণে দুর্যোগে বাংলাদেশ ক্ষয়ক্ষতি আগের থেকে বহুলাংশে কমেছে। সরকারি উদ্যোগের পাশাপাশি নিজ নিজ অবস্থান থেকে সকলের আরো অধিক সতর্ক অবস্থানই পারে দুর্যোগের ঝুঁকি ব্যবস্থাপনায় দেশকে আগামী দিনগুলোতে রোল মডেল হিসেবে প্রতিষ্ঠা করতে।

এসময় আরো উপস্থিত ছিলেন, দর্শনা ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশনের সাব অফিসার নাসির উদ্দিন। উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা সাকী সালাম, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসের একাডেমিক সুপারভাইজার রাফিজুল ইসলাম, দামুড়হুদা উপজেলা সমবায় অফিসার হারুন-অর-রশিদ, আনসার ও ভিডিপি কর্মকর্তা রাফেজা খাতুন, উপজেলা সমাজসেবা অফিসার তোফাজ্জল হক, উপজেলা আইসিটি প্রোগ্রামার আরিফুল ইসলাম, উপজেলা নির্বাহী অফিসের সিএ ফয়জুল করিম সহ উপজেলার বিভিন্ন দপ্তরের কর্মকর্তা কর্মচারী বৃন্দ।

মুজিবনগরে নানা আয়োজনে পালিত হলো প্রধানমন্ত্রীর জন্মদিন

মুজিবনগরে কেক কাটা আলোচনা সভা ও দোয়া মাহফিলের মধ্য দিয়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী ও বাংলাদেশ আওয়ামী লীগের সভাপতি শেখ হাসিনার ৭৬ তম জন্মদিন পালন করেছে মুজিবনগর উপজেলা আওয়ামীলীগ ও তার অঙ্গ সংগঠনের নেতৃবৃন্দ।

দেশ নায়কের ৭৬ তম জন্মদিন উপলক্ষে বুধবার বিকেলে মুজিবনগর মুক্তিযুদ্ধ স্মৃতি কমপ্লেক্স পর্যটন মডেলে এক অনুষ্ঠানের আয়োজন করে উপজেলা আওয়ামীলীগ।

মুজিবনগর উপজেলা আওয়ামীলীগের সভাপতি রফিকুল ইসলাম তোতার সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় বক্তব্য রাখেন উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক আবুল কালাম আজাদ,মহাজনপুর ইউপি চেয়ারম্যান আমাম হোসেন মিলু, বাগোয়ান ইউপি চেয়ারম্যান আইয়ুব হোসেন,মোনাখালী ইউপি চেয়ারম্যান মফিজুর রহমান ,বাগোয়ান ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি মুজিবুর রহমান মধু, সম্পাদক নজরুল ইসলাম।

দারিয়াপুর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি মোস্তাকিম হক খোকন, মোনাখালী ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি রফিকুল ইসলাম রফা গাইন।

অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা যুব মহিলালীগের সভাপতি তসলিমা খাতুন, সাধারণ সম্পাদক তহমিনা খাতুন, উপজেলা স্বেচ্ছাসেবকলীগের সহ-সভাপতি মতিউর রহমান মাতিন, দারিয়াপুর ইউনিয়ন স্বেচ্ছাসেবক লীগের সভাপতি দোলন, মুজিবনগর উপজেলা কৃষকলীগের সভাপতি জাহিদ হাসান রাজিব, সাধারণ সম্পাদক শাহিনুর রহমান মানিক, মুজিবনগর উপজেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক শেখ সাকিব প্রমুখ।

জন্মদিনের আলোচনা সভায় বক্তারা বলেন শেখ হাসিনা বাংলাদেশকে প্রগতির পথে, উন্নয়নের পথে, শান্তির পথে এগিয়ে নিয়ে গেছেন। তার জন্মদিন মানে শুভ ও কল্যাণের পথে আমাদের সবার এগিয়ে যাওয়ার প্রত্যয়।

কোটচাঁদপুরে প্রধানমন্ত্রী শেখ হাসিনার ৭৬ তম জন্মদিন পালিত

শুভ শুভ শুভদিন, শেখ হাসিনার জন্মদিন। এ শ্লোগানে প্রধানমন্ত্রী শেখ হাসিনার ৭৬ তম জন্মদিন পালন করেছেন কোটচাঁদপুর উপজেলা প্রশাসন।

দিনটি পালনে কেক কাটা,আলোচনা সভা ও দোয়া অনুষ্ঠানের আয়োজন করেন প্রশাসন। বুধবার দুপুরে উপজেলার অডিটোরিয়ামে এর আয়োজন করা হয়।

এতে সভাপতিত্ব করেন,উপজেলার নির্বাহী কর্মকর্তা খান মাসুম বিল্লাহ। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ - ৩ আসনের সংসদ সদস্য এ্যাডঃ শফিকুল আজম খান চঞ্চল। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও চেয়ারম্যান মোছাঃ শরিফুননেসা মিকি, সাধারণ সম্পাদক মোঃ শাহাজাহান আলী, ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন, মহিলা ভাইস চেয়ারম্যান সাদিয়া আক্তার পিংকি,সহকারী কমিশনার(ভুমি) নিরুপমা রায়।

এ ছাড়া উপস্থিত ছিলেন উপজেলা কৃষি কর্মকর্তা মহাসিন আলী, প্রকৌশলী রুহুল ইসলাম, মৎস্য কর্মকর্তা সঞ্চয় কুমার, মহিলা বিষয়ক শিলা বেগম, পল্লী সঞ্চয় ব্যাংক কর্মকর্তা চম্পা অধিকারি।

পরে জন্মদিনের কেক কাটা হয়। কেক কাটেন অনুষ্ঠানের প্রধান অতিথি ও সংসদ সদস্য এ্যাডঃ শফিকুল আজম খান চঞ্চল। এ সময় উপস্থিতিদের মুখে উচ্চারিত হয় ওই শ্লোগান। শুভ শুভ শুভদিন, শেখ হাসিনার জন্মদিন। পরে স্থানীয়দের মধ্যে জন্মদিনের কেক বিতরন করা হয়।

কোটচাঁদপুরে তথ্য দিবস পালিত

তথ্য প্রযুক্তির যুগে জনগণের তথ্য অধিকার নিশ্চিত হোক, এ প্রতিপাদ্যে আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস পালিত হয়েছে।

বুধবার কোটচাঁদপুর উপজেলা অডিটোরিয়ামে দিবসটি পালনে আলোচনা সভা করা হয়।

সভাপতিত্বে করেন উপজেলা নির্বাহী কর্মকর্তা খান মাসুম বিল্লাহ। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কোটচাঁদপুর উপজেলার চেয়ারম্যান ও আওয়ামী লীগের সভাপতি মোছাঃ শরিফুননেসা মিকি। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, উপজেলা ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন, মহিলা ভাইস চেয়ারম্যান সাদিয়া আক্তার পিংকি, ডাঃ তানভির জামান,দোড়ার ইউনিয়ন চেয়ারম্যান আব্দুল জলিল, সাবদারপুরের আব্দুল মান্নান।

এ সময় বক্তব্য রাখেন উপজেলা কৃষি কর্মকর্তা মহাসিন আলী, সাংবাদিক নজরুল ইসলাম, এ ছাড়া উপস্থিত ছিলেন উপজেলা প্রকৌশলী রুহুল ইসলাম, মৎস্য কর্মকর্তা সঞ্চয় কুমার, মহিলা বিষয়ক শিলা বেগম, পল্লী সঞ্চয় ব্যাংক কর্মকর্তা চম্পা অধিকারি।